

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৮২.১৬.০০২.১৯- ০৫

ঠবি পৌষ ১৪২৭  
তারিখ: ৩৩ জানুয়ারি ২০২১

বিষয়: রংপুর জেলার কাউনিয়া উপজেলার পশ্চিম পোদ্দার পাড়া গ্রামের বাঘটারী শাহী জামে মসজিদ উন্নয়ন সংক্রান্ত।

সূত্র: জনাব এ. এস. এম আবুজার রহমান, গ্রাম: পশ্চিম পোদ্দার পাড়া, পো: হারাগাছ, উপজেলা: কাউনিয়া, জেলা: রংপুর।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে স্মারকের পরিপ্রেক্ষিতে জনাব এ. এস. এম আবুজার রহমান, গ্রাম: পশ্চিম পোদ্দার পাড়া, পো: হারাগাছ, উপজেলা: কাউনিয়া, জেলা: রংপুর হতে প্রাপ্ত আবেদনপত্রটি এ সাথে প্রেরণ করা হলো। পত্রে উল্লিখিত রংপুর জেলার কাউনিয়া উপজেলার হারাগাছ গ্রামের বাঘটারী শাহী জামে মসজিদ উন্নয়নের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

( মোহাম্মদ তানভীর আজিম ছিদ্রিকী )  
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮  
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, রংপুর।

অনুলিপি: ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় ) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। জনাব এ. এস. এম আবুজার রহমান, গ্রাম: পশ্চিম পোদ্দার পাড়া, পো: হারাগাছ, উপজেলা: কাউনিয়া, জেলা: রংপুর।

তারিখঃ ০৩ জানুয়ারি ২০২১ ইং

বরাবর,  
চেয়ারম্যান  
জেলা পরিষদ  
রংপুর

বিষয়ঃ মসজিদ নির্মাণের জন্য আর্থিক অনুদান প্রসঙ্গে

জনাব,

সবিনয় নিবেদন এই যে, বাঘটারী শাহী জামে মসজিদ গ্রাম: পশ্চিম পোদ্দার পাড়া, পোঁঁ হারাগাছ (৫৪৪১), থানাঃ কাউনিয়া, জেলাঃ রংপুর এলাকায় নির্মাণাধীন একটি মসজিদ। উক্ত গ্রামে প্রায় ৩০০০ মুসলমানের বাস এবং এলাকায় অধিকাংশ লোকেই ক্ষক, শ্রমিক, গরিব লোকের বসবাস, মসজিদটি গ্রামের লোকের দানে ও স্থানীয় ব্যক্তির সাহায্যে নির্মাণ করা হয়। বর্তমানে নির্মাণাধীন মসজিদটিতে জায়গায় সংকুলান না হওয়ায় মুসল্লীদের রাস্তায় জুম্বার নামাজ আদায় করতে হয়। এছাড়া মসজিদের যাবতীয় আনুষাঙ্গিক প্রয়োজনীয় দ্রব্যাদির অভাবে সঠিকভাবে সম্পন্ন করা কষ্টসাধ্য হয়। মুসল্লীদের ও গ্রামের মানুষের নামাজ আদায়সহ অন্যান্য ধর্মীয় অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্মাণাধীন মসজিদটি সম্প্রসারণ করা একান্ত প্রয়োজন। বর্তমানে আর্থিক সংকটের জন্য গ্রামবাসীর পক্ষে মসজিদের সম্প্রসারণসহ অন্যান্য কাজসমূহ সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, গ্রামবাসী ও মুসল্লীদের সুষ্ঠুভাবে নামাজ আদায় ও অন্যান্য ধর্মীয় অনুষ্ঠান সম্পন্ন করার জন্য মসজিদের নির্মাণ কাজে প্রায় ৫,০০,০০০.০০ টাকা প্রয়োজন। এমতাবস্থায়, উক্ত এলাকায় গ্রামবাসীর ও মুসল্লীদের ধর্মীয় অনুষ্ঠান, নামাজ আদায়ে মসজিদ সম্প্রসারণ ও অন্যান্য কাজের জন্য ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ মাত্র) টাকা আর্থিক অনুদানের অনুরোধ করছি।

অতএব, আপনার নিকট বিনীত নিবেদন এই যে, গ্রামবাসী ও মুসল্লীদের সমস্যার প্রতি সুবিবেচনা করতঃ উক্ত এলাকার মসজিদ সম্প্রসারণ ও অন্যান্য কাজ সম্পন্ন করনের জন্য ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ মাত্র) টাকা অনুদানে আপনার মর্জি হয়।

বিনীত নিবেদক

১৩/১০/২১

গ্রামবাসীর পক্ষে

এ. এস. এম আবুজার রহমান  
গ্রামঃ পশ্চিম পোদ্দার পাড়া  
পোঁঁ হারাগাছ (৫৪৪১)  
থানাঃ কাউনিয়া

